উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২৩- ৪৪৫ তারিখ ঃ ০৮/০৫/২০২৩ খ্রিঃ

## সভার নোটিশ

আগামী ১৬ ই মে ২০২৩ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবদুল মতিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলার সরকারি বিভাগীয় প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার স্থান ঃ রাশেদুল ইসলাম কনফারেন্স রুম, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

০৮/৫/২০২৩
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

১। উপজেলা ..........................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ..............................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. মেয়র, ত্রিশাল পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮. অফিস কপি।

Scanned with CamScanner

উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।
ত্রিশাল উপজেলা পরিষদ এর মে /২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবদুল মতিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ১৬/০৫/২০২৩ খ্রি.
সময় : বেলা ১১:০০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব জুয়েল আহমেদ সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ৩০/০৪/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অতঃপর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এলজিইডিঃ<br>উপজেলা প্রকৌশলী অত্র মাসিক সাধারণ সভায় সম্মানিত সভাপতিসহ সকল সদস্যগণকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে অবহিত করেন যে, এলজিইডি বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | উপজেলা প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, ত্রিশাল,ময়মনসিংহ। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, ইদানিং চিকেন পক্স ও মামপস এর প্রাদুর্ভাব দেখা দিয়েছে। এর থেকে সবাইকে সচেতন থাকতে হবে। তাছাড়া জটিকা হতে প্রাপ্ত এম্বুলেন্সটির ভাড়া যাতে সাধারন রোগীদের সাধ্যের মধ্যে হয় এ বিষয়ে তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন পাশাপাশি হাসপাতালের পাশে যে ময়লার ভাগারটি রয়েছে, তার থেকে প্রচন্ড দুর্গন্ধ হয় যা হাসপাতালের রোগীদের আরোও অসুস্থ করে তুলছে। তাই জরুরী ভিত্তিতে এই ভাগারটি অন্যত্র সরানোর জন্য তিনি এই সভায় প্রস্তাব করেন।<br>সভাপতি মহোদয় এম্বুলেন্সটির ভাড়া কমানোর বিষয়টি সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে সমাধান করবেন বলে আশ্বস্থ করেছেন।<br>উপজেলা নির্বাহী অফিসার ময়লার ভাগারটি অন্যত্র সরানোর ব্যাপারে মেয়র, ত্রিশাল পৌরসভা মহোদয়ের সাথে আলোচনা করে বিষয়টি সমাধানের কথা জানান। | প্রস্তাবমতে,এম্বুলেন্সটির ভাড়া কমানোর বিষয়টি সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে সমাধান করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ময়লার ভাগারটি অন্যত্র সরানোর ব্যাপারে মেয়র, ত্রিশাল পৌরসভা মহোদয়ের সাথে আলোচনা করে বিষয়টি সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ :<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **উপজেলা মৎস্য বিভাগ :**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে,বিগত ১৪/০৫/২০২৩ খ্রিঃ তারিখ রোজ রবিবার বৈলর বাজারে মৎস্যখাদ্য বিক্রেতার দোকানে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ২৩০০০/=টাকা জরিমানা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনার জন্য এসিল্যান্ড মহোদয়কে ধন্যবাদ জানানো হয়। তাছাড়া উপজেলা পুলিশকে ও ধন্যবাদ জানানো হয়। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের জন্য তিনি সকল ইউনিয়ন চেয়ারম্যানের সহযোগীতা কামনা করেন। | উপজেলা মৎস্য বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৫ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রাণীসম্পদ অফিস ও ভেটেনারি হাসপাতাল এর এলডিডিপি প্রকল্প থেকে কাঁচা বাজার তৈরী করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।<br>ইউনিয়ন পরিষদ থেকে প্রতি মঙ্গলবার টীকা কার্যক্রম ও চিকিৎসা কার্যক্রম চলমান হবে। বিভাগের অনান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| | চেয়ারম্যান, ত্রিশাল ইউনিয়ন পরিষদ সভায় পোল্ট্রি ফার্ম এর নিয়ম কানুন জনস্বার্থে প্রচারের জন্য সভায় প্রস্তাব করেন এবং বিধি বর্হিভূতভাবে নির্মিত পোল্ট্রি ফার্মগুলো মোবাইল কোর্ট এর মাধ্যমে উচ্ছেদের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানান দরিরামপুর, মাঝিপাড়া ০৯ নং ওয়ার্ডের আবাসিক এলাকাতে বিধি বর্হিভূতভাবে নির্মিত একটি পোল্ট্রি ফার্মের বিষয়ে একটি অভিযোগ রয়েছে। এটি এসিল্যান্ডের সহায়তায় মোবাইল কোর্ট এর মাধ্যমে দ্রুত নিস্পত্তির জন্য তিনি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানান। | প্রস্তাবমতে পোল্ট্রি ফার্ম এর নিয়ম কানুন জনস্বার্থে প্রচারের জন্য এবং বিধি বর্হিভূতভাবে নির্মিত পোল্ট্রি ফার্মগুলোর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয় | |
| ০৬ | **উপজেলা সমাজসেবা বিভাগ :**<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বাস্তবায়িত বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও অনগ্রসর ভাতাসহ বিভিন্ন উপবৃত্তির টাকা নগদের মাধ্যমে বিতরণ হয়ে আসছে । ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ কিস্তি অর্থাৎ এপ্রিল থেকে জুন মাসের ভাতার পেরোল ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। আশা করছি জুন মাসের মাঝামাঝি সময়ে ভাতার টাকা মোবাইল একাউন্টে পৌছে যাবে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন প্রতারক চক্র ভাতাভোগীদের ফোন করে পিন নম্বর ও ওটিপি নম্বর নিয়ে ভাতার টাকা হাতিয়ে নিচ্ছে। এ বিষয়ে সকলকে সচেতন করার জন্য সকল জনপ্রতিনিধীর সহযোগীতা কামনা করছি। | উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। পাশাপাশি প্রতারণা বন্ধে প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে সাথে নিয়ে সচেতনতা বৃদ্ধি মূলক প্রচারণা করতে হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৭ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ত্রিশাল উপজেলায় ৪৮১ টি বিদ্যালয় রয়েছে। বিদ্যালয় সমূহে স্বাভাবিক কার্যক্রম চলছে। বিদ্যালয় সমূহে ম্যানেজিং কমিটি গঠনের উদ্যেগ নেওয়া হয়েছে । ইতিমধ্যে অনেক বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি গঠন সম্পন্ন হযেছে। এছাড়া সুষ্ঠুভাবে বিদ্যালয় সমূহে ১ম সামরিক পরিক্ষা চলমান রয়েছে। | উপজেলা শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৮ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার এসএসসি পরীক্ষা কেন্দ্রে ডিউটি থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৯ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, অত্র কার্যালয় থেকে নিয়মিতভাবে পরিবার পরিকল্পনা সেবা, মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক সেবা ও চিকিৎসা প্রদান করা হচ্ছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সমূহ হতে নিয়মিত গর্ভবতী মহিলাদের প্রাক প্রসব সেবা এবং প্রসবোত্তর সেবা প্রদান করা হচ্ছে। প্রত্যন্ত অঞ্চলগুলোতে স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১০ | **দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কাজ সুষ্ঠুভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১১ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :**<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১২ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। VWB কর্মসূচীঃ (ক) সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে ২৯/০৫/২০২৩ ইং তারিখের মধ্যে ০৫ মাসের মধ্যে খাদ্য উত্তোলন ও বিতরণ করতে হবে<br>খ) সকল VWB উপকারভোগী মহিলাকে ব্যাংকে / এজেন্ট ব্যাংকের মাধ্যমে সঞ্চয় হিসাব খুলতে হবে। প্রতি মাসে ২২০ টাকা সঞ্চয় জমার রশিদ দেখিয়ে খাদ্যা শস্য নিতে হবে।<br>গ) VWB খাদ্য শস্য বিতরণের পূর্বে সংশ্লিষ্ট ট্যাগ অফিসার ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে জানাতে হবে।<br>ঘ) VWB খাদ্য শস্য বিতরণ পূর্বক প্রতি মাসে উপজেলা মহিলা বিষয়ক অফিসে প্রত্যয়ন পত্র দিতে হবে।<br>১। মা ও শিশু সহায়তা কর্মসূচী ঃ জুলাই/২০২২ হতে ফেব্রুয়ারী/২০২৩ প্রযর্ন্ত ধানীখোলা ও রামপুর ইউপি হতে তাদের নির্ধারিত কোটা অনুযায়ী ইউনিয়ন আইডি হতে উপজেলা আইডিতে প্রাথমিক তালিকা পাঠাতে হবে। ১৫/০৩/২০২৩ তারিখ মাসের চুরান্ত তালিকা অনুমোদনের শেষ তারিখ ছিল। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৩ | **উপজেলা সমবায় বিভাগ ঃ**<br>উপজেলা সমবায় কর্মকর্তার এসএসসি পরীক্ষা কেন্দ্রে ডিউটি থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৪ | **উপজেলা বন বিভাগ :**<br>ফরেস্টার সভাপতি মহোদয়ের বিনা অনুমতিতে সভায় অনুপস্থিত থাকায় তাকে কারন দর্শানোর নোটিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টারকে কারন দর্শানোর নোটিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৫ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার এসএসসি পরীক্ষা কেন্দ্রে ডিউটি থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৬ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার এসএসসি পরীক্ষা কেন্দ্রে ডিউটি থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৭ | **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের মাধ্যমে বাস্তবায়িত কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৮ | **উপজেলা আইসিটি বিভাগ ঃ**<br>উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে, টাস্কফোর্স কমিটির ১ম সভার কার্যবিবরণী অনুযায়ী স্মার্ট বাংলাদেশ গঠন করার লক্ষ্যে প্রতিটি সরকারি দপ্তর, ইউনিয়ন পরিষদসহ ওয়েব সাইট নিয়মিত হালনাগাদ করার জন্য নির্দেশনা প্রদান করা আছে। এ বিষয়ে নিয়মিত বিভাগীয় প্রধানগণকে এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনকে ওয়েব সাইট হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো। | প্রস্তাবমতে, বিভাগীয় প্রধানগণকে এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনকে নিয়মিত ওয়েব সাইট হালনাগাদ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৯ | **ইউজিডিপি :**<br>ইউডিএফ, ইউজিডিপি সভায় জানান যে, গত এপ্রিল/২০২৩ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলার ২০২৩-২৪ অর্থবছরের "বার্ষিক উন্নয়ন বাজেট ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা " এর কাজ চলমান রয়েছে ,আশা করা যায় যথা সময় ওয়েব পোর্টালে আপলোড করা যাবে। আমার জানামতে গত সভার পর থেকে ২০২২-২৩ অর্থবছরের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করা শুরু হয়েছে। তবে ত্রিশাল উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে সেগুলো দৃশ্যমান হচ্ছে না। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য বিশেষভাবে আবেদন জানাচ্ছি। এবং উপজেলা স্থায়ী কমিটি সমূহের সভা অনুষ্ঠানের জন্য এবং উক্ত সভার কার্যবিবরনী ওয়েব পোর্টালে আপলোড করার বিষয়ে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করার জন্য বিনীত আবেদন করছি। অন্যথায় আগামী এসেসমেন্টে সব পূর্ব শর্তের আওতাভুক্ত নম্বরে ঘাটতির কারনে বরাদ্দ পাওয়া ঝুঁকিপূর্ণ হবে।<br><br>উপজেলা নির্বাহী অফিসার উপজেলা স্থায়ী কমিটি সমূহের সভা অনুষ্ঠানের জন্য এবং উক্ত সভার কার্যবিবরনী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়কে সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিবের সহযোগীতায় দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। | উপজেলা স্থায়ী কমিটি সমূহের সভা অনুষ্ঠানের জন্য এবং উক্ত সভার কার্যবিবরনী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়কে সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিবের সহযোগিতায় দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ<br>ও<br>সদস্য সচিব, সংশ্লিষ্ট স্থায়ী কমিটি, ত্রিশাল, ময়মনসিংহ। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ

Scanned with CamScanner

স্মারক নং ০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০১.২০২৩-৪৪৮ তারিখ : [illegible]

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। উপজেলা ................................ অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ........................... ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

২৬/৫/২০২৩
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

Scanned with CamScanner

১৮/০৫/২০২৩ খ্রিঃ তারিখের মাসিক সাধারণ সভার হাজিরা সীট ঃ

| ক্রমিক | পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ২ | মেয়র, ত্রিশাল পৌরসভা, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৪ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৫ | চেয়ারম্যান, ধানীখোলা ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৬ | চেয়ারম্যান, বৈলর ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৭ | চেয়ারম্যান, কাঁঠাল ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৮ | চেয়ারম্যান, কানিহারী ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৯ | চেয়ারম্যান, রামপুর ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ১০ | চেয়ারম্যান, ত্রিশাল ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ১১ | চেয়ারম্যান, হরিরামপুর ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ১২ | চেয়ারম্যান, সাখুয়া ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ১৩ | চেয়ারম্যান, বালিপাড়া ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ১৪ | চেয়ারম্যান, মঠবাড়ী ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ১৫ | চেয়ারম্যান, মোক্ষপুর ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ১৬ | চেয়ারম্যান, আমিরাবাড়ী ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ১৭ | চেয়ারম্যান, ইউ.সি.সি.এ লিঃ, ত্রিশাল, ময়মনসিংহ | |

## ১৬/০৫/২০২৩ ইং তারিখের মাসিক সাধারণ সভার হাজিরা সীট ঃ

| ক্র.নং | পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৬/৫/২০২৩ |
| ২ | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৬.০৫.২০২৩ |
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ৪ | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৬/৫/২০২৩ |
| ৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ৬ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ৭ | উপজেলা সমাজ সেবা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৬/০৫/২৩ |
| ৮ | উপজেলা শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৬.০৫.২৩ |
| ৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মাকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | 16.05.2023 |
| ১১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৬/০৫/২০২৩ |
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৬.০৫.২৩ |
| ১৩ | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৬/৫/২০২৩ |
| ১৫ | উপজেলা সমবায় অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১৬ | উপজেলা আইসিটি অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৬/০৫/২৩ |
| ১৭ | ফরেস্টার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১৮ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১৯ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ২১ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর, ত্রিশাল, ময়মনসিংহ। | ১৬/০৫/২০২৩ |
| ২২ | উপজেলা তথ্যআপা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ২৩ | উপজেলা প্রকল্প অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |

Scanned with CamScanner

উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২৩- ৪০১ তারিখ ঃ ২৬/০৪/২০২৩ খ্রিঃ

সভার নোটিশ

আগামী ৩০ শে এপ্রিল ২০২৩ খ্রিঃ তারিখ রোজ রবিবার, বিকাল ০৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবদুল মতিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলার সরকারি বিভাগীয় প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার স্থান ঃ রাশেদুল ইসলাম কনফারেন্স রুম, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

২৬/০৪/২০২৩
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

১। উপজেলা ..........................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ..............................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. মেয়র, ত্রিশাল পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮. অফিস কপি।

Scanned with CamScanner